

## ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পর্যটন ভবন (৯ম তলা), প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও

শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪

[www.frc.gov.bd](http://www.frc.gov.bd)

স্মারক নং-১৭৭/এফআরসি/এপিআর/২০২৫/৩০১

তারিখ: ৩০ এপ্রিল ২০২৫ খ্রিঃ

### নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি বিজ্ঞপ্তি (২০২৫-২০২৬ অর্থবছর)

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ (২০১৫ এর ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধানমতে জনস্বার্থ সংস্থার নিরীক্ষা চর্চা ও নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা পেশায় নিয়োজিত থাকতে হলে বাংলাদেশের সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে এফআরসি'তে তালিকাভুক্ত হতে হবে।

এমতাবস্থায়, কাউন্সিলের সিদ্ধান্ত মতে সংশ্লিষ্ট নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম উভয়কে এফআরসি এর নিকট তালিকাভুক্তির জন্য বিধিমালার তফসিল-২ এ বর্ণিত ফি (এর সাথে ১৫% ভ্যাট প্রযোজ্য) প্রদান সাপেক্ষে নির্ধারিত ফরম পূরণ ও প্রয়োজনীয় দলিলাদি সহকারে আবেদন করার আহ্বান করা হচ্ছে।

#### তথ্যসমূহ:

- ১। নিরীক্ষক (চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট) এবং নিরীক্ষা ফার্মকে (চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট) আলাদাভাবে তালিকাভুক্ত হতে হবে। বর্ণিত বিধিমালার তফসিল-১ এ উল্লেখিত জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানের নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মসমূহকে তালিকাভুক্ত হতে হবে।
- ২। এফআরসি'র নির্ধারিত আবেদন ফরমের সাথে বর্ণিত বিধিমালার তফসিল-২ এ নির্ধারিত ফি পরিশোধ ও সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্তি সাপেক্ষে তালিকাভুক্তির আবেদন করতে হবে।
- ৩। অনলাইন ও অফলাইন উভয় পদ্ধতিতে আগামী ২০ মে ২০২৫ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ০৯:০০ ঘটিকা থেকে আবেদনপত্র গ্রহণ শুরু হবে। আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ ১৯ জুন ২০২৫ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বিকাল ০৫:০০ ঘটিকা।
- ৪। আবেদন ফরম, আবেদনের তথ্যসমূহ, আবেদনের সাথে দাখিলযোগ্য সংযুক্তি, দলিলাদি বা চেকলিস্ট, আবেদনের ফি এর চার্ট, আবেদন ফরম পূরণের নমুনা ইত্যাদি এফআরসি'র ওয়েবসাইট ([www.frc.gov.bd](http://www.frc.gov.bd)) থেকে ডাউনলোড করা যাবে। ওয়েবসাইটের তালিকাভুক্তি মেন্যুতে প্রবেশ করে অনলাইনে আবেদন করা যাবে (Link: [enlistment.frc.gov.bd/login](http://enlistment.frc.gov.bd/login))।
- ৫। তালিকাভুক্তির বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫২

ফরম পূরণ ও ফি প্রদান বিষয়ে এফআরসি'র ওয়েবসাইটে প্রদত্ত  
গাইডলাইন অনুসরণ করতে হবে।

সভাপতি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম  
তালিকাভুক্তি বাছাই কমিটি

ই-মেইল: [ed.apr@frc.gov.bd](mailto:ed.apr@frc.gov.bd)